গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
সোনাডাঙ্গা, খুলনা

স্মারক নং-৩৪.০১.৪৭০০.০০০.৩৮.০৬১.১৬- ২৮৩ তারিখ ঃ ০৮/১০/২০২৩

''ভর্তি বিজ্ঞপ্তি''

বেকার যুবদের দক্ষতা বৃদ্ধি,কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থানের লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তর, খুলনা জেলা কার্যালয়ের (রাজস্ব) আওতাধীন যুব প্রশিক্ষণ ও আত্মকর্মসংস্থান কর্মসূচির ২০২৩- ২০২৪ অর্থ বছরের নিম্নলিখিত প্রশিক্ষণ কোর্সে ১৮-৩৫ বছর বয়সের বেকার যুবক ও যুবনারীদের নিকট থেকে নিম্নবর্ণিত নিয়মাবলী অনুসরণপূর্বক দরখাস্ত আহ্বান করা যাচ্ছে ঃ

| ক্রঃ | প্রশিক্ষণ কোর্সের নাম | কোর্সের মেয়াদ | আসন সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা (নুন্যতম) | দরখাস্ত জমার শেষ তারিখ | সাক্ষাতকার গ্রহণের তারিখ | ভর্তি ও প্রশিক্ষণ শুরুর তারিখ | ভর্তি কোর্স ফি |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ডাটাবেজ ম্যানেজমেন্ট বিষয়ক প্রশিক্ষন | ০২(দুই) মাস | ৩০ জন | এইচ এস সি/ সমমানের পাশ | ২৬/১০/২০২৩ | ৩০/১০/২০২৩ | ০১/১১/২০২৩ | ৫০০/-(পাঁচশত) টাকা অফেরতযোগ্য |
| ২ | বিউটিফিকেশন | ০১(এক) মাস | ২৫ জন | এস এস সি | ২৬/১০/২০২৩ | ৩০/১০/২০২৩ | ০১/১১/২০২৩ | ১০০/-(একশত) টাকা অফেরতযোগ্য |
| ৩ | ওয়েল্ডিং সিস্টেম | ০১(এক) মাস | ২০ জন | ৮ম শ্রেণী পাশ | ২৬/১০/২০২৩ | ৩০/১০/২০২৩ | ০১/১১/২০২৩ | ২০০/-(দুইশত) টাকা অফেরতযোগ্য |

**আবেদন ও ভর্তি সংক্রান্ত নিয়মাবলী ঃ**

ক) প্রার্থীকে অবশ্যই ১৮-৩৫বছরের বেকার যুবক / যুবনারী হ'তে হবে এবং তবে প্রকৃত মুক্তিযোদ্ধা পরিবারের পোষ্যদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।

খ) যুব সংগঠন কর্তৃক মনোনীত এবং যুবনারী প্রার্থীকে নির্বাচনের বিষয়ে অগ্রাধিকার দেয়া হবে।

গ) নির্ধারিত ফরমে আবেদন করতে হবেঃ (০১) নাম (বাংলা ও ইংরেজী), (০২) পিতার নাম (বাংলা ও ইংরেজী) (০৩) মাতার নাম (বাংলা ও ইংরেজী) (০৪) জন্ম তারিখ (০৫) বিজ্ঞপ্তি প্রদানের তারিখে বয়স (০৬) জাতীয় পরিচয়পত্র(NID) নম্বর (যদি থাকে) অথবা জন্ম সনদপত্র, (০৭) বর্তমান ঠিকানা (০৮) স্থায়ী ঠিকানা ,(০৯) শিক্ষাগত যোগ্যতা (১০) ধর্ম (১১) জেন্ডার/লিঙ্গ, (১২) মোবাইল নম্বর (যদি থাকে)(১৩) বিকল্প যোগাযোগ নম্বর (১৪) ইতঃপূর্বে গৃহীত প্রশিক্ষণ(যদি থাকে) (১৫) যুব সংগঠনের সদস্য হলে সংগঠনের নাম এবং (১৬) ভবিষ্যত পরিকল্পনা/প্রশিক্ষণ গ্রহনের কারণ উল্লেখ করতে হবে।

ঘ) আবেদন পত্রের সাথে (ক) শিক্ষাগত যোগ্যতা সনদপত্রের ছায়ালিপি (খ) জাতীয় পরিচয়পত্র (যদি থাকে) অথবা স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌর কমিশনার কর্তৃক জন্ম নিবন্ধন সনদপত্র, (গ) সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত(রঙিন) ছবি আবেদনের সাথে জমা দিতে হবে। নির্বাচনী পরীক্ষার সময় মূল সনদপত্র সমূহ সংগে আনতে হবে।

ঙ) আবেদনপত্র NiSE[3] সফটওয়্যারের মাধ্যমে শুধু মাত্র অনলাইনে ওয়েব এ্যাড্রেস https://dyd.nise.gov.bd/courses লিংকে গিয়ে দাখিল করে হার্ডকপি উপ-পরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, সোনাডাঙ্গা,খুলনা তে জমা দিতে হবে ।

চ) আবেদনপত্র উপ-পরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, সোনাডাঙ্গা,খুলনা - এ দাখিল করতে হবে।

ছ) উপ-পরিচালক এর কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, সোনাডাঙ্গা, খুলনায় অনুষ্ঠিতব্য নির্বাচনী পরীক্ষার জন্য প্রার্থীকে উল্লেখিত তারিখে সকাল ৯-৩০ ঘটিকায় হাজির হ'তে হবে। এজন্য কোন প্রকার টিএ/ডিএ দেওয়া হবে না ও তজ্জন্য আলাদা কোন কার্ড ইস্যু করা হবে না

জ) ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে।

ঝ) প্রত্যেক প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ কেন্দ্রের নিয়ম-শৃঙ্খলা মেনে চলতে হবে।

ঞ) ভর্তি ও ক্লাস শুরুর এ সংক্রান্ত যে কোন বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

ট) দলিত (সুইপার,ঋষি,ডোম)যুবদের জন্য ৪% কোটা এবং বিশেষ চাহিদাসম্পন্ন /অটিষ্ঠিক ও হিজড়া জনগোষ্ঠির জন্য৫% কোটা সংরক্ষণসহ অধিদপ্তরের সকল প্রশিক্ষণে ভর্তির সুযোগ রয়েছে।

ঠ) ভর্তির সময় নির্বাচিত প্রশিক্ষণার্থীগণকে মোবাইল নম্বর,Facebook আইডি,Whats app no/ই-মেইল আইডি দিতে হবে।

ড) প্রশিক্ষণ চলাকালীন সময়ে প্রতি কর্মদিবসে উপস্থিতির ভিত্তিতে ১০০/-(একশত) টাকা হারে যাতায়াত ভাতা প্রদান করা হবে।

ঢ) প্রশিক্ষণ চলাকালীন সময়ে অবশ্যই মাস্ক পরিধান করতে হবে এবং স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।

০৮/১০/২৩

মোঃ মোস্তাক উদ্দীন
উপপরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর,খুলনা
E-mail: ddkhulna@dyd.gov.bd
ফোন-০২-৪৪১১০৯৪৭

স্মারক নং-৩৪.০১.৪৭০০.০০০.৩৮.০৩৬.১৬- ২৮৩ তারিখ ঃ ০৮ /১১/২০২৩

সদয় অবগতি / কার্যার্থে অনুলিপি ঃ

০১। মহাপরিচালক (গ্রেড-১), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা
০২। পরিচালক (প্রশাসন / অর্থ/ প্রশিক্ষণ) যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা
০৩। জেলা প্রশাসক, খুলনা
০৪। পুলিশ সুপার ,খুলনা
০৫। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার/বিসিক, খুলনা (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারে অনুরোধ করা হলো)
০৬। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা/ জেলা মৎস্য কর্মকর্তা/ উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর / উপপরিচালক,মহিলা বিষয়ক অধিদপ্তর,খুলনা।
০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ...........................(সকল) উপজেলা, খুলনা
০৮। উপজেলা নির্বাহী অফিসার..........................(সকল), খুলনা ( বিজ্ঞপ্তিটি বহুল প্রচারে অনুরোধ করা হলো)
০৯। সহকারী কমিশনার ভূমি/উপজেলা কৃষি কর্মকর্তা/উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা/ উপজেলা মৎস্য কর্মকর্তা/উপজেলা সমাজ সেবা কর্মকর্তা.........উপজেলা খুলনা।
১০। ডেপুটি-কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র ,খুলনা কে তার নিয়ন্ত্রনাধীন শ্রেণী কক্ষে প্রশিক্ষণার্থীদের মাঝে বিজ্ঞপ্তিটি প্রচারের জন্য অনুরোধ জানানো হলো
১১। সিনিয়র প্রশিক্ষক/প্রশিক্ষক (সকল ট্রেড প্রধান) খুলনাকে তার নিয়ন্ত্রনাধীন শ্রেণী কক্ষে প্রশিক্ষণার্থীদের মাঝে বিজ্ঞপ্তিটি প্রচারের জন্য অনুরোধ জানানো হলো
১২। থানা/উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর,........................(সকল),খুলনা।
১৩। ইউনিয়ন ভূমি অফিস...................(সকল) ইউনিয়ন, উপজেলা....................,জেলা ,খুলনা।
১৪। সরকারী ও বেসরকারী অফিসের নোটিশ বোর্ড,....................(সকল) মেট্রোপলিটন থানা/ উপজেলা, খুলনা জেলা।
১৫। সভাপতি/সাধারণ সম্পাদক ......................................(যুব সংগঠন) খুলনা।
১৬। অফিস কপি/নোটিশ বোর্ড।

০৮/১১/২০২৩

এস এম বদিউজ্জামান
সহকারী পরিচালক
ফোন-০২-৪৭৭৭২৬৯৪৯